



ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ

মোহাম্মদপুর, ঢাকা-১২০৭
(স্থাপিত : ১৯৬০ সাল)

ফোন : ৯১৩৫৫৩০
ফ্যাক্স : ৯১২৯৯১৭
ই-মেইল : drmc.bd@yahoo.com
ওয়েব সাইট : www.drmc.edu.bd.

পত্র নং-প্রশা:/৫৬৯৭/২০১৬


তারিখ : ০৮/১১/২০১৬

ছাত্র ভর্তির বিজ্ঞপ্তি

- ১। ২০১৭ শিক্ষাবর্ষে ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজে সরকারি নীতিমালার আলোকে তৃতীয় শ্রেণিতে বাংলা মাধ্যম ও ইংরেজি ভাঙ্গনে এবং ষষ্ঠ শ্রেণিতে বাংলা মাধ্যমে প্রভাতি শাখায় আবাসিক এবং দিবা শাখায় অনাবাসিক হিসেবে ছাত্র ভর্তি করা হবে। ভর্তি সংক্রান্ত তথ্যাবলি নিম্নে প্রদত্ত হলো :

শাখা	শ্রেণি	মাধ্যম/ভাঙ্গন	আসন সংখ্যা	বয়স (জন্ম-নিবন্ধন সনদ অনুযায়ী)	লিখিত পরীক্ষার তারিখ ও সময়
প্রভাতি	তৃতীয়	বাংলা	১০০	০১ জানুয়ারি ২০১৭ তারিখে বয়স ৮ হতে ৯ বছর	৯ ডিসেম্বর ২০১৬, শুক্রবার সকাল ০৯:৩০ হতে ১০:৩০ ঘটিকা
		ইংরেজি	৫০		
	ষষ্ঠ	বাংলা	৫০	-	৯ ডিসেম্বর ২০১৬, শুক্রবার বিকাল ০২-০০ হতে ০৪-০০ ঘটিকা
দিবা	তৃতীয়	বাংলা	১০০	০১ জানুয়ারি ২০১৭ তারিখে বয়স ৮ হতে ৯ বছর	১০ ডিসেম্বর ২০১৬, শনিবার সকাল ০৯:৩০ হতে ১০:৩০ ঘটিকা
		ইংরেজি	৫০		
	ষষ্ঠ	বাংলা	৫০	-	১০ ডিসেম্বর ২০১৬, শনিবার বিকাল ০২-০০ হতে ০৪-০০ ঘটিকা

- ২। পরীক্ষার বিষয় ও নম্বর : তৃতীয় শ্রেণি:- বাংলা-১৫, ইংরেজি-১৫ ও গণিত-২০। ষষ্ঠ শ্রেণি:- বাংলা-৩০, ইংরেজি-৩০ ও গণিত-৪০।
- ৩। আবেদনের তারিখ ও সময় : ১০ নভেম্বর ২০১৬ সকাল ০৮:০০ ঘটিকা থেকে ৩০ নভেম্বর ২০১৬ রাত ১২:০০ ঘটিকা পর্যন্ত।
- ৪। আবেদনের নিয়ম : কলেজের ওয়েব সাইট www.drmc.edu.bd এর মাধ্যমে 'ভর্তির আবেদন ফরম পূরণের নির্দেশিকা' অনুসরণ পূর্বক অন-লাইনে আবেদন ফরম পূরণ করতে হবে এবং bKash মার্চেন্ট একাউন্ট নম্বর-০১৮৫৮৫৮৫১১২ এ ২০০/- (দুইশত) টাকা প্রদান করতে হবে। এ পদ্ধতিতে আবেদন করতে কোনো অসুবিধা হলে কলেজের তথ্যকেন্দ্র/হেল্পডেস্ক এ সরকারি ছুটির দিন ব্যতীত সকাল ৯:০০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে সরাসরি যোগাযোগ করা যাবে।
- ৫। একজন ভর্তিচ্ছু ছাত্র প্রয়োজনবোধে প্রভাতি ও দিবা শাখায় ভর্তির আবেদন করে উভয় শাখায় ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে কোনো প্রার্থী ভর্তির জন্য উভয় শাখায় চূড়ান্তভাবে নির্বাচিত হলে সংশ্লিষ্ট ছাত্রের আইনগত অভিভাবকের উপস্থিতিতে লটারির মাধ্যমে তার শাখা (শিফট) নির্ধারণ করা হবে এবং তাকে উক্ত নির্ধারিত শাখায় ভর্তি হতে হবে। পরবর্তী সময়ে শাখা পরিবর্তনের কোনো আবেদন বা অনুরোধ গ্রহণযোগ্য হবে না।
- ৬। এ কলেজের নীতিমালা অনুযায়ী তৃতীয় থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত প্রভাতি শাখার সকল ছাত্রের জন্য কলেজের হাউসে অবস্থান বাধ্যতামূলক। তবে ঢাকা মহানগরীতে বসবাসকারী কোনো অভিভাবক ইচ্ছে করলে আবেদনের মাধ্যমে হোস্টেল চার্জ প্রদানের শর্তে তাঁর সন্তানকে সাময়িকভাবে নিজ বাসায় রেখে অধ্যয়নের অনুমতি গ্রহণ করতে পারবেন।
- ৭। ২০১৫ সালে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় উত্তীর্ণ ও ২০১৬ সালে অবতীর্ণ ছাত্রেরা ষষ্ঠ শ্রেণিতে ভর্তির জন্য আবেদন করতে পারবে। তবে ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত ছাত্রকে ভর্তির সময় প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার প্রমাণপত্র জমা দিতে হবে।
- ৮। কোটার সুবিধা গ্রহণ করে ছাত্র ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার সপক্ষে ভর্তির সময় প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে।
- ৯। এ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে ঢাকার মোহাম্মদপুর, আদাবর, শেরেবাংলা নগর ও দারুস সালাম থানার অন্তর্ভুক্ত এলাকাসমূহে বসবাসকারী শিক্ষার্থীদেরকে এ কলেজের Catchment Area-র প্রার্থী হিসেবে গণ্য করা হবে।
- ১০। কলেজ নোটিস বোর্ড এবং ওয়েব সাইট এ অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত ফলাফল প্রকাশ করা হবে।
- ১১। সরকার কর্তৃক প্রকাশিত ভর্তি নীতিমালা-২০১৬ অনুযায়ী ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে।
- ১২। ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য ও ফলাফল কলেজ ওয়েবসাইট www.drmc.edu.bd এ জানা যাবে।
- ১৩। ভর্তির বিষয়ে কলেজ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


অধ্যক্ষ

ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ